

অন্তত বেদনা থেকে বড়ো

অন্তত বেদনা থেকে বড়ো কিছু চাই, যাতে হাত  
সম্পূর্ণ আঙ্গুল গুলো তারই মধ্যে স্বস্তি পেতে পারে  
মুঠির শূণ্যতা পারে পূর্ণ করতে আশ্রয় - শিবির  
অন্তত বেদনা থেকে বড়ো চাই সংঘাত বিখ্যাত।  
অর্থাৎ তোমাকে চাই, তুমি বেদনার ভাঙ্গা নীল  
দরজা দিয়ে বাইরে এসে দাঁড়াও মুহূর্ত মাত্র দেখি  
বসতির চিহ্ন নেই দেহ-মনে এ কোন্ একাকী  
আনন্দে পায়চারী করে কিংবা সে উড়ন্ত শঙ্খচিল।

শক্তি চট্টোপাধ্যায়

